শীতবস্ত্রের বিপুল আয়োজন

## শিবদুর্গা বস্ত্রালয়

রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীর উত্তর দরজা

গ্রাহকগণের সুবিধার্থে মিল ও তাঁতের নানাবিধ ধুতি, শাড়ী, সার্টিং ও কোটিং আমদানী করা হয়েছে। আমাদের দোকানে আসিয়া সুলভে জিনিস ক্রয় করুন।

প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৮শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৮ই পৌষ বুধবার ১৩৬৮ ইংরাজী 3rd Jan. 1962 { ৩৬শ সংখ্যা।



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Seeve

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




## খাস জনতা

কেরোসিন কুকার

রন্ধনে স্বাচ্ছন্দ্য ও বিপুলতা আনবে।

প্রস্তুতকারক

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭ বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

ওয়েষ্ট বেঙ্গল বুক-বাইণ্ডিং হল

এখানে সকল প্রকার বই ও খাতা সুলভে বাঁধান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীজি, সি, ঘোষ, রঘুনাথগঞ্জ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৮ই পৌষ বুধবার সন ১৩৬৮ সাল।

## শৈত্যমেব জয়তে

—০—

ভারতবর্ষ স্বাধীনতা লাভ করার পর এর Motto ( স্থূল মর্ম্মজ্ঞাপক সংস্কৃত বাক্য ) সমস্ত কাগজপত্রে ও পত্রাদিতে ছাপা হইতেছে "সত্যমেব জয়তে"। আজ চৌদ্দ বৎসরে এই বাক্যের জয়লাভ খুব কমই দেখা গিয়াছে। বরং হিন্দী কবি তুলসী দাসের দোঁহাবলীতে যা দেখা যায় সত্যের দশা তাই ফলিতেছে। তুলসী দাস লিখিয়া গিয়াছেন—

সাচ কহে তো মারে লাঠ্‌ঠা
ঝুট জগৎ ভুলায়।
গো-রস গলি গলি ফিরে
সুরা বৈঠল্‌ বিকায়।
চোরকো ছোড়ে সাধকো বাঁধে,
পথিক কো লাগায় ফাঁসী।
ধন্য কলিযুগ তেরী তামাসা
দুখ লাগে ঔর হাঁসি।

এই চৌদ্দ বৎসরের মধ্যে সত্যের জয় খুব কম হইয়াছে।

সত্য শব্দ উৎপন্ন হয় সৎ+ষ্ণ্য ইহার অর্থ যথার্থতা। শীত শব্দের উত্তর ষ্ণ্য প্রত্যয় করিলে হয় "শৈত্য" শব্দের উৎপত্তি। "সত্যমেব জয়তে" এই বাক্য চিরদিনই প্রচলিত আছে।

পৌষ ও মাঘ মাস শীত ঋতু। এই বৎসর শীত ঋতুর আগমন মাত্র শৈত্যের যে প্রাদুর্ভাব দেখা দিয়াছে তাহাতে "সত্যমেব জয়তে" এই বাক্য অপেক্ষা "শৈত্যমেব জয়তে" যেন প্রবলতর বলিয়া মনে হইতেছে। ভারতের দুইটি প্রদেশে (১) মধ্য প্রদেশ (২) বিহার প্রদেশে শৈত্যের প্রাবল্যে যে কত প্রাণী ধ্বংস হইয়াছে তাহা মাত্র এই দুইটি প্রদেশের সংবাদ সংবাদপত্র হইতে উদ্ধৃত করিলাম।

## শৈত্যপ্রবাহে উত্তরপ্রদেশে ৩৮০ ও বিহারে ৩৪০ জনের মৃত্যু

### উত্তরপ্রদেশে ১১৪৭২টি গবাদি প্রাণীর জীবন হানি

লক্ষ্ণৌ, ৩০শে ডিসেম্বর এখানে প্রাপ্ত সংবাদে প্রকাশ, শৈত্যপ্রবাহের ফলে ১৭ই ডিসেম্বর হইতে ২৪শে ডিসেম্বরের মধ্যে উত্তরপ্রদেশে ৩৮০ জন লোক এবং ১১৪৭২টি গো-মহিষাদি প্রাণী মারা গিয়াছে। শৈত্যপ্রবাহে বিহারে ৩৪০ জন লোক মারা গিয়াছে। উত্তরপ্রদেশের হরিদ্বার, কানপুর. গাজিপুর ও এলাহাবাদে সব দিক দিয়া ক্ষতি হইয়াছে বলিয়া প্রকাশ। এই শৈত্যপ্রবাহে উত্তর-প্রদেশের 'অড়হর' ও অন্যান্য ফসলের প্রভূত ক্ষতি হইয়াছে বলিয়া প্রকাশ।

### বিহারের অবস্থা

পাটনা, ৩০শে ডিসেম্বর—গত ১১ দিন যাবৎ বিহারে যে প্রচণ্ড শৈত্যপ্রবাহ চলিতেছিল, উহার প্রকোপ হ্রাস পাইয়াছে বলিয়া এখানে সংবাদ পাওয়া গিয়াছে তবে এই হিমপ্রবাহের ফলে বহু নরনারী ও গবাদি পশুর জীবন নষ্ট হইয়াছে।

পাটনা, গয়া, ভাগলপুর, মজঃফরপুর, শাহাবাদ, মুঙ্গের, সারণ, সহর্ষ, হাজারীবাগ, সাঁওতাল পরগণা দ্বারভাঙ্গা, ধানবাদ, পূর্ণিয়া এবং চম্পারণ প্রভৃতি জেলা হইতে কমপক্ষে ৩৪০ জন এবং সহস্রাধিক গবাদি পশুর প্রাণনাশের সংবাদ পাওয়া গিয়াছে।

রাঁচী, পালামৌ এবং সিংভূম জেলা হইতে এখনও পর্য্যন্ত কোন মৃত্যুর খবর পাওয়া যায় নাই, তবে ঐ সব জেলায়ও বহু লোক মারা গিয়াছে বলিয়া আশঙ্কা করা হইতেছে কারণ এই সপ্তাহের প্রথম দিকে বিহারের সর্ব্বত্র তাপমাত্রা ৩৫ ডিগ্রীতে নামিয়া গিয়াছিল।

অদ্য পাটনায় তাপমাত্রা বৃদ্ধি পাইয়া ৪৪ ডিগ্রী ফারেনহাইটে উঠিয়াছে।

---

## জরুর আখুয়া রাস্তা সম্বন্ধে

মুর্শিদাবাদ জেলা বোর্ডের সুযোগ্য ইঞ্জিনিয়ার শ্রীবিজয়কৃষ্ণ ঘোষাল মহাশয় আমাকে জানাই-তেছেন—

"প্রিয় মহাশয়, আপনার গত ১লা নভেম্বর ( বাং ১৫ই কার্ত্তিক ) তারিখের সংবাদপত্রে তৃতীয় পাতায় জরুর আখোয়া রাস্তার সম্বন্ধে যে সংবাদ বাহির হইয়াছে তাহার উত্তরে আমি আপনাকে জানাইতেছি যে উক্ত রাস্তা যথাশীঘ্র মেরামত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।"

সম্পাদক "জঙ্গিপুর সংবাদ"

বিগত ১৫ই নভেম্বর বাংলা ২৯শে কার্ত্তিকের "জঙ্গিপুর সংবাদে" জেলা বোর্ডের হাজীপুর-বক্রেশ্বর রাস্তা, মোড়গ্রাম স্কুলের সম্মুখের রাস্তা এবং জাতীয় সড়কের নিকট হইতে মোড়গ্রাম রেল ষ্টেশনে যাইবার ( ডাকবাংলার পাশ দিয়া ) রাস্তা সম্বন্ধে লেখা হইয়াছে। ঐ রাস্তাগুলি মেরামতের বিহিত ব্যবস্থা করিলে দেশবাসী উপকৃত হইবেন।

---

## চূড়ান্ত প্রাথমিক পরীক্ষার ফল

জঙ্গিপুর মহকুমার দুইটী সার্কেলের ১৯৬১ সালের চূড়ান্ত প্রাথমিক পরীক্ষার ফল নিম্নে প্রদত্ত হইল।

জঙ্গিপুর সার্কেল—পরীক্ষার্থীর সংখ্যা ১০৭৭ প্রথম বিভাগে ৩৫৩, দ্বিতীয় বিভাগে ২৯২ পাশ বিভাগে ৩০২ মোট পাশ ৯৪৭ অনুপস্থিত ২৭

রঘুনাথগঞ্জ সার্কেল—পরীক্ষার্থীর সংখ্যা ১০৬১ প্রথম বিভাগে ২৯২, দ্বিতীয় বিভাগে ২৭৯, পাশ বিভাগে ৩৭৩ মোট পাশ ৯৪৪ অনুপস্থিত ২৬

---

## ফেরীওয়ালা যুবকের শোচনীয় মৃত্যু

গত ২৬শে ডিসেম্বর বহরমপুর কোর্ট ষ্টেশনে এক কামরা হইতে চলন্ত ট্রেণে অন্য কামরায় যাইবার সময় জনৈক ফেরীওয়ালা যুবক পড়িয়া মাথায় গুরুতর আঘাত পায়। আহত যুবককে বহরমপুর সদর হাসপাতালে প্রেরণের পর গত ২৮শে ডিসেম্বর সে মারা গিয়াছে। উক্ত যুবকটি উদ্বাস্তু এবং মাত্র এক বছর পূর্বে তাহার বিবাহ হইয়াছিল।

---

## জঙ্গিপুর প্রদর্শনীতে

## — নাট্যাভিনয় —

২৮শে ডিসেম্বর প্রদর্শনী শেষ হলো। এই দীর্ঘ এগার দিন প্রদর্শনীর একমাত্র আকর্ষণ ছিল নাট্যাভিনয়। প্রদর্শনীর কর্তৃপক্ষ মহকুমার সব দলকে অভিনয় করার সুযোগ দিয়েছিলেন যাকে এক কথায় বলা চলে অভিনয়ের রাজসূয় যজ্ঞ।

প্রথম দিন আহিরণের শ্যামলী সংঘের চোর নাটকের অভিনয় হয়। এই অভিনয়ে ৪ জন শিল্পী কলকাতার। সাধারণ দর্শকের বইখানি ভালই লেগেছে। এর কারণ আছে। রাষ্ট্র, সমাজ আইন যাকে দোষী করল আর সত্যিই যার ব্যবসা চৌর্য্যবৃত্তি নাট্যকার তার মুখে বেশ গরম গরম বুলি দিয়ে আসর মাৎ করতে চাইলেন এবং দর্শকও তাই দেখে খুসীতে ডগমগ হল। এই জাতীয় নাটকের সত্যিকার কোন সার্থকতা আছে বলে মনে হয় না। নাটক সমাজের দর্পণ—জাতির সামনে ধরা স্বচ্ছ কাঁচ খণ্ড, আরো ছোট করে বললে বলতে হয় নাটক মানুষের মনের আয়না। সুতরাং "চোরে"র মত Melodrama সমাজের রাষ্ট্রের তথা জাতির কোন কল্যাণই করবে না বরং বিকৃত রুচিকে সমর্থন করা হবে। তারপরের দিন তারাশঙ্করের "দুই পুরুষ" নাটক মঞ্চস্থ করে স্থানীয় "সবুজ-সথা"। বলিষ্ঠ নাটক, সুন্দর সংলাপ Team Workও ভাল তথাপি নাটকটির অভিনয় দানা বেঁধে উঠেনি। আরম্ভ সুন্দর কিন্তু শেষ বজায় থাকেনি। তা সত্ত্বেও জমিদারের ভূমিকায় বিশ্বপতি চট্টোপাধ্যায় ও সুশোভনের ভূমিকায় বিশ্বনাথ দাসের অভিনয় মনে রাখার মত। এই দলের সুনাম আছে তাদের কাছে সকলেই আরো ভাল জিনিষ আশা করেছিলেন। তৃতীয় নাটক ধুলিয়ানের "কংকাবতীর ঘাট"—ব্যর্থ Production. তার পর দিন নিমতিতার মহেন্দ্রনারায়ণ স্মৃতি সমিতি:— শরৎচন্দ্রের "ষোড়শী" অভিনয় করে। অভিনয় সর্ব্বাঙ্গ-সুন্দর না হলেও—চলন সই। ষোড়শীর ভূমিকায় কলিকাতার অভিনেত্রী কান্তা দাস ভাল অভিনয় করেন। জীবানন্দের মত কঠিন ভূমিকায় ডাঃ লক্ষ্মী দাস প্রাণপণ চেষ্টা করেছেন রূপ দেবার, স্থানে স্থানে তাঁর অভিনয় সত্যই উপভোগ্য। তারপরের নাটক রবীন্দ্রনাথের "শেষ রক্ষা" মঞ্চস্থ করেন সরকারী কর্ম্মচারী সংস্থা। প্রথমদিকে অভিনয় সত্যই প্রশংসনীয় কিন্তু শেষ-দিকে কেউ কেউ অতি অভিনয় করে ফেলেছিলেন। তবুও নাটকটী দর্শকের মনে স্থান দিতে সক্ষম হয়েছে। তারপর দিন বহরমপুর টুইলাইট ক্লাব বিচিত্রানুষ্ঠান ও একটী একাঙ্কিকা "কোথায় গেল" অভিনয় করেন। এই দলে সেদিন যে মেয়েটী নৃত্যকলা দেখিয়েছিলেন এবং তাঁর সঙ্গে যিনি তবলার কাজ করেছিলেন তা সত্যই অনবদ্য। তারপরের দিন স্থানীয় মহিলা সমিতি একখানি একাঙ্কিকা নাটক অভিনয় করেন। নাটকটীর নাম "সম্রাজ্ঞী"। সুন্দর নাটক এবং ভজন চাকরের ভূমিকায় শ্বেতা চ্যাটার্জি ও ভবতোষের ভূমিকায় লক্ষ্মী আচার্য্যের অভিনয় সত্যই অনুপম। সমাপ্তি দিবসে বেনারসের শিল্পীদের উচ্চাঙ্গ সঙ্গীত সত্যই উপভোগ্য হয়েছিল। কলকাতার বিখ্যাত "মহুয়া সম্প্রদায়" প্রতি নাটকেই আবহ সঙ্গীত পরিবেশন করে নাটকের মান উচ্চস্তরে পৌছে দিয়েছিলেন।

নতুন আলোক শিল্পী দিলীপ চট্টোপাধ্যায়ের আলোক সম্পাতের কাজ আশাজনক।

সর্ব্বশেষে প্রদর্শনীর মাধ্যমে এতগুলি নাটকের পর পর অভিনয় সহরে এই প্রথম। তার জন্যে প্রদর্শনীর সভাপতি শ্রীঅমলকৃষ্ণ গুপ্ত মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি।

---

## প্রেমপত্র লেখার ফ্যাসাদ

সম্প্রতি খাগড়ার জনৈক দোকান কর্ম্মচারী যুবককে স্থানীয় পুলিস গ্রেপ্তার করিয়া পরে জামিন দিয়াছে। প্রকাশ উক্ত যুবক তাহার পাড়ার কোনও বিদ্যালয়ের ছাত্রীকে প্রেমপত্র লিখে এবং পত্রটি বালিকার পিতার হাতে পড়ে। বালিকার পিতা এই সম্পর্কে পুলিসে অভিযোগ করিলে পুলিস উক্ত যুবককে গ্রেপ্তার করে।

---

## বিজ্ঞপ্তি

রাধারঘাট হইতে বারোয়ান রুটের যাত্রীবাহী যানের পারমিটধারী শ্রীনির্মলকুমার মিত্র ও শ্রীধীরেন্দ্রনাথ বসু তাঁহাদের উল্লিখিত রুট বিপ্রশেখর ও বেলগ্রাম হইয়া নিমাডাকবাংলো পর্যন্ত সম্প্রসারণ করিবার জন্য আবেদন করিয়াছেন। এই সম্পর্কে কাহারও কিছু নিবেদন থাকিলে উহা নিম্নস্বাক্ষরকারীর নিকট এই নোটিস প্রকাশিত হইবার ৩০ দিনের মধ্যে দাখিল করিতে হইবে। প্রাপ্ত নিবেদন বিবেচনা করিবার তারিখ, সময় ও স্থান সকলকেই যথাসময়ে জানানো হইবে। স্বাঃ বি, চৌধুরী সচিব, আঞ্চলিক পরিবহণ প্রাধিকার, মুর্শিদাবাদ।

---

## ট্রেণ হইতে পড়িয়া দ্বিখণ্ডিত

নলহাটী থানার অন্তর্গত সোনকুণ্ডু নামক গ্রামের ভোলানাথ মজুমদার নামক জনৈক ৫০ বৎসর বয়স্ক প্রাথমিক শিক্ষক গত ৫ই ডিসেম্বর সাঁইথিয়া ষ্টেশনে আপ বারুণী প্যাসেঞ্জার ট্রেণ হইতে পড়িয়া গিয়া শোচনীয়ভাবে মৃত্যুমুখে পতিত হইয়াছেন। প্রকাশ যে, তিনি ধানবাদ হইতে নলহাটী আসিতেছিলেন। সাঁইথিয়া ষ্টেশনে ট্রেণ বদল করিয়া আপ বারুণী প্যাসেঞ্জার ট্রেণে উঠিতে গিয়া হঠাৎ ট্রেণের নীচে পড়িয়া গিয়া দ্বিখণ্ডিত হয়। ট্রেণটি তখন সবেমাত্র চলিতে শুরু করিয়াছিল। ময়না তদন্তের জন্য মৃতদেহ রামপুরহাটে আনীত হয়।

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ১৫ই জানুয়ারী ১৯৬২

১৯৬১ সালের ডিক্রীজারী

২২ মরগেজ ডিঃ মুর্শিদাবাদ কো-অপারেটিভ ল্যাণ্ড মরগেজ ব্যাঙ্ক লিঃ দেং সুরেন্দ্রনাথ সরকার দাবি ৭৫৩·০২ টাকা থানা সমসেরগঞ্জ মৌজে নস্করপুর ২-৬৯ শতকের কাত ৮।৩ ; ২নং লাট থানা ঐ মৌজে দক্ষিণ মহম্মদপুর ২-৯ শতকের কাত ৮।৯ আঃ মূল্য ১নং লাট ৯০০৲ ২নং লাট ৭০০৲





**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসারে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

(ছাত্রবন্ধু পুস্তকালয়ের সম্মুখে)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং ***বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি*** ইত্যাদি ও **অঞ্চল** পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ | ফোন: ৫৫-৪৩৬৬ |

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, স্থূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১.১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট:—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## আর. পি. ওয়াচ কোং

জঙ্গিপুর পৌরসভার দক্ষিণে

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

বিঃ দ্রঃ—আমরা যে কোন কোম্পানীর নূতন ঘড়ি দুই সপ্তাহের মধ্যে ন্যায্য মূল্যে সরবরাহ করিয়া থাকি।

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।